

Second Foreign Office Consultations between India and Guatemala

May 05, 2021

ভারত এবং গুয়াতেমালার মধ্যে দ্বিতীয় বৈদেশিক দফতর পর্যায়ে বৈঠক

মে 05, 2021

2021 সালের 05 মে ভারত এবং গুয়াতেমালার মধ্যে ভারুয়াল মাধ্যমে 2য় বৈদেশিক দফতর পর্যায়ে বৈঠক (এফওসি) অনুষ্ঠিত হয়। ভারতীয় পক্ষের নেতৃত্বে ছিলেন শ্রীযুক্তা রিভা গাঙ্গুলি দাস, সচিব (পূর্ব) এবং গুয়াতেমালার পক্ষ থেকে নেতৃত্ব দেন গুয়াতেমালার পররাষ্ট্র মন্ত্রকের উপমন্ত্রী মিঃ কার্লোস রামিরো মার্তিনেজ।

2. উভয় পক্ষই নিজেদের উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ঐতিহ্য বজায় রেখে রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, বাণিজ্য ও কনসুলার সহ সকল ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কের বর্তমান অবস্থান বিশদভাবে পর্যালোচনা করে। তারা কৃষিক্ষেত্র, বিজ্ঞান ও প্রযুক্তি, স্পেস, এনার্জি, শিক্ষা, স্বাস্থ্য ও প্রথাগত ওষুধ এবং পর্যটন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির সম্ভাবনা নিয়ে আলোচনা করেন।

3. COVID 19 পরিস্থিতি নিয়েও তাঁরা আলোচনা করেন এবং বিশ্বব্যাপী সহযোগিতা ও সংহতিই যে মহামারী মোকাবিলা করার এবং অর্থনৈতিক পরিস্থিতি পুনরুদ্ধারের মূল চাবিকাঠি সে বিষয়ে জোর দেন। গত বছরের তুলনায় এই বছর গুয়াতেমালা এবং এলএসি অঞ্চলের অন্যান্য দেশগুলিতে ফার্মাসিউটিক্যালস এবং ভ্যাকসিন সরবরাহে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার ক্ষেত্রে ভারতের ভূমিকার প্রশংসা করে গুয়াতেমালা।

4. উভয় পক্ষই স্বীকার করে যে ভারত-গুয়াতেমালা সম্পর্কে বাণিজ্য একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ এবং 2019-2020 সালে ভারতের সাথে 22.95 মিলিয়ন মার্কিন ডলার আমদানি এবং 291.32 মিলিয়ন মার্কিন ডলার রফতানির মাধ্যমে বাণিজ্য বৃদ্ধি পেয়ে সন্তোষজনকভাবে 314.27 মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছায়। দুই দেশই তাদের বাণিজ্য সম্পর্ক আরও প্রসারিত করার দুর্দান্ত সম্ভাবনা বিষয়ে একমত হয়।

5. এছাড়াও উভয় পক্ষ আঞ্চলিক এবং আন্তর্জাতিক স্বার্থজড়িত বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ে মতবিনিময় করে এবং বহুপাক্ষিক পর্যায়ে তাদের সহযোগিতা জোরদার করতে সম্মত হয় এবং ভারত ও এসআইসিএর মধ্যে দৃঢ় প্রাতিষ্ঠানিক বন্ধন স্বীকার করে নিয়ে পারস্পরিক সুবিধাজনক তারিখে পরবর্তী ভারত-এসআইসিএ পররাষ্ট্রমন্ত্রক পর্যায়ে বৈঠক করতে সম্মত হয়।

নিউ দিল্লি

মে 05, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.